

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
রাজশাহী বিভাগীয় কার্যালয়, রাজশাহী।  
dnrcrp.rajshahidiv.gov.bd


স্মারক নম্বরঃ ২৬.০৪.৮১০০.৫০১.১৭.০০৭.২০.

তারিখঃ ১৬ জুলাই ২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ ১৬ জুলাই ২০২৪ খ্রি. তারিখে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ০২ টি টিম কর্তৃক রাজশাহী মহানগরের সোনাদিঘির মোড়, রাণী বাজার ও সাগরপাড়ায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক ১৬ জুলাই ২০২৪ খ্রি. তারিখে উপ-পরিচালক জনাব মোঃ ইব্রাহীম হোসেন ও সহকারী পরিচালক (মেট্রো) জনাব ফজলে এলাহী এর নেতৃত্বে রাজশাহী মহানগরের সোনাদিঘির মোড়, রাণী বাজার ও সাগরপাড়া এলাকায় অভিযান পরিচালিত হয়। উপ-পরিচালক জনাব মোঃ ইব্রাহীম হোসেন সোনাদিঘির মোড় এলাকায় সাধনা ঔষধালয়কে মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয় করার অপরাধে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫১ অনুযায়ী ৫,০০০/- টাকা, রাণী বাজারে তিশা স্টোরকে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় করার অপরাধে ৪৫ ও ৫১ ধারায় ৫,০০০/- টাকা এবং সাগরপাড়ায় প্রণব সুইটসকে অবৈধ প্রক্রিয়ায় পণ্য উৎপাদন বা প্রক্রিয়াকরণ করার অপরাধে ৪৩ ধারায় ৫,০০০/- টাকা জরিমানা করেন। অপরদিকে সহকারী পরিচালক (মেট্রো) জনাব ফজলে এলাহী রাজশাহী মহানগরের বোয়ালিয়া থানার সোনাদিঘির মোড় মালেক স্টোরকে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করায় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪৫ অনুযায়ী ২,০০০/- টাকা, ওসানিয়া হোটেলকে অবৈধ প্রক্রিয়ায় পণ্য উৎপাদন বা প্রক্রিয়াকরণ করার অপরাধে ৪৩ ধারা অনুযায়ী ৩,০০০/- টাকা ও কাচ্চিওয়ালা তেহারি ঘরকে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করায় ৪৫ ধারা অনুযায়ী ৩,০০০/- টাকা জরিমানা করেন। আজকের দুটি অভিযানে সর্বমোট ২৩,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট বিতরণ করা হয় ও আইনটি মেনেচলতে উদ্বুদ্ধ করা হয়। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

  
(মোঃ ইব্রাহীম হোসেন)

উপপরিচালক

ফোনঃ ০২৫৮-৮৮৫০৭৭৪

মোবাইল: ০১৩১৮-৩৯৬৯৯৪

ই-মেইলঃ [dd-rajshahi@dnrcrp.gov.bd](mailto:dd-rajshahi@dnrcrp.gov.bd)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ:

- ১। মাহপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার, টিসিবি ভবন, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।

- ৩। পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
- ৪। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৫। সহকারী পরিচালক (মেট্রো), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৬। অফিস কপি।

www.rajshahi.gov.bd

স্বীকৃতি পত্র

শ্রী ৪০০৬ সালিক ৩৫ নম্বরীক

স্বীকৃতি পত্র প্রদান করা হল।

১। স্বীকৃতি পত্র প্রদান করা হল।

২। স্বীকৃতি পত্র প্রদান করা হল।

৩। স্বীকৃতি পত্র প্রদান করা হল।

৪। স্বীকৃতি পত্র প্রদান করা হল।

৫। স্বীকৃতি পত্র প্রদান করা হল।

৬। স্বীকৃতি পত্র প্রদান করা হল।

৭। স্বীকৃতি পত্র প্রদান করা হল।

৮। স্বীকৃতি পত্র প্রদান করা হল।

৯। স্বীকৃতি পত্র প্রদান করা হল।

১০। স্বীকৃতি পত্র প্রদান করা হল।

৪০০৬/৩৫

(স্বাক্ষর করে) মাস

স্বাক্ষর

৪০০৬/৩৫

৪০০৬/৩৫

www.rajshahi.gov.bd

স্বাক্ষর